

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 06-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Electoral Roll.**

নির্বাচন কমিশনের নির্ধারিত নির্ঘণ্ট অনুযায়ী রাজ্যের ষাটটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিব ভোটার তালিকা আজ প্রকাশ করা হবে। প্রতিটি বিধানসভা কেন্দ্রে নির্বাচন নিবন্ধন আধিকারিকগন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। এই চূড়ান্ত ভোটার তালিকা প্রতিটি ভোটকেন্দ্র, জেলা শাসক, মহকুমা শাসকের অফিস ও তহশিল অফিসে দেখা যাবে।

\*\*\*\*\*

**MSP Paddy purchase:**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং খাদ্য জনসংভরন ও ক্রেতাস্বার্থ দপ্তরের ঘোষ উদ্যোগে গতকাল বামুটিয়ার বিনোদিনী উচ্চ বিদ্যালয়ের মাঠে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী এই কর্মসূচির উদ্বোধন করেন। কৃষি উপ-অধিকর্তা রঞ্জিত কুমার দাস জানান, প্রতি কেজি ২৩ টাকা দরে ধান কেনা হচ্ছে। আগামী ১০ই জানুয়ারি পর্যন্ত দপ্তরের উদ্যোগে কৃষকদের থেকে ধান কেনা হবে।

\*\*\*\*\*

**All Tripura Blind Comitee:**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, রাজ্য সরকার দিব্যাঙ্গ ও দৃষ্টিহীনদের সাহায্যার্থে উদার মনোভাব পোষণ করে। তাদের শিক্ষার বিস্তারেও সরকার কাজ করে চলেছে। গতকাল আগরতলা প্রেসক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির

উদ্যোগে লুই ব্রেইলের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত সাংস্কৃতিক ও কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী রায় বলেন, দিব্যাঙ্গদের পড়াশুনায় উৎসাহিত করার লক্ষ্যে রাজ্য সরকার উচ্চমাধ্যমিক পরীক্ষায় দিব্যাঙ্গ প্রথম ১০ জনকে ৫৪ হাজার ও মাধ্যমিকে প্রথম ১০ জনকে ২৪ হাজার টাকা করে প্রদান করেছে। অনুষ্ঠানে দৃষ্টিহীন শিক্ষার্থীদের মধ্যে কস্বল ও ব্রেইল স্লেট প্রদান করা হয়।

\*\*\*\*\*

### জাতীয় যুব উৎসব:

স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে ভারত সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রক আয়োজিত জাতীয় যুব মহোৎসবে ছাত্র বিজ্ঞানী হিসাবে রাজ্য থেকে প্রতিনিধিত্ব করবে বিবেক নগর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র অভিনব বণিক। আগামী ১১ই এবং ১২ই জানুয়ারি নয়া দিল্লির ভারত মণ্ডপম সাংস্কৃতিক কমপ্লেক্সে দুদিন ব্যাপী এই জাতীয় যুব উৎসব অনুষ্ঠিত হবে। তাতে রাজ্যের ইয়ুথ আইকন হিসাবে মোট ১৪ জনকে নির্বাচিত করেছে ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তর। এই দশজনের মধ্যে এনএসএস, খেলাধুলা, ছবি আঁকা, ছবি তোলা ও বিজ্ঞানচর্চায় সাফল্য অর্জনকারী ও স্বউদ্যোগী ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে যারা সাফল্যের ছাপ রেখেছেন তারাই জাতীয় যুব উৎসবে আমন্ত্রণ পেয়েছেন। আজ তারা দিল্লি যাচ্ছেন।

### Mahakumbh, Rail:

ভারতীয় রেলওয়ে মহা কুণ্ড মেলা ২০২৫-এর সময় তীর্থ্যাত্রীদের ভীড় সামলাতে ১৩ হাজার ট্রেন চালাবে। এর মধ্যে রয়েছে ১০ হাজার নিয়মিত ট্রেন এবং তিন হাজার বিশেষ ট্রেন। এই ট্রেনগুলি মহাকুণ্ডের আগে এবং পরে ৫০দিন ধরে চালানোর পরিকল্পনা নেয়া হয়েছে। প্রয়াগরাজের মহা কুণ্ড মেলায় প্রায় ৪০কোটি লোকের বিশাল জনসমাগম ঘটবে বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য

১৩ ই জানুয়ারী থেকে উত্তর প্রদেশের প্রয়াগ রাজ্যে মহাকুণ্ড  
শুরু হচ্ছে। চলবে ২৬ শে ফেব্রুয়ারী পর্যন্ত।

\*\*\*\*\*

#### **Annual Prize:**

দক্ষিণ জেলার বাইখোড়ার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তক  
শিক্ষানিকেতনের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ স্কুল মাঠে  
অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন  
বাইখোড়া থানার ওসি বিষ্ণু চন্দ্র দাস, জোলাইবাড়ির বিদ্যালয়  
পরিদর্শক বিকাশ দেবনাথ, স্কুলের পরিচালন কমিটির সভাপতি  
অনুকূল হালদার, সম্পাদক জাতীয় পুরস্কার প্রাপ্ত শিক্ষক মনোজ  
কান্তি সরকার প্রমুখ। আজ স্কুলের ছাত্র- ছাত্রী, প্রাক্তন ছাত্র-  
ছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা ও অন্যান্য অশিক্ষক  
কর্মচারীদের নিয়ে বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **LOP Jitendra:**

রাজ্যের বিরোধী দলনেতা ও CPI (M) রাজ্য সম্পাদক জিতেন্দ্র  
চৌধুরী দিল্লীর এইমস হাসপাতালে চিকিৎসার পর গতকাল  
আগরতলায় ফিরেছেন। তিনি বর্তমানে সুস্থ হয়েছেন। শারীরিক  
অসুস্থতার জন্য গত ২৪ শে ডিসেম্বর তাঁকে এইমস হাসপাতালে  
ভর্তি করা হয়। CPI (M) বিধায়ক নয়ন সরকার এই সংবাদ  
জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket:**

টিসি পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট  
প্রতিযোগিতার গতকাল চারটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত  
মাঠের ম্যাচে প্রগতি প্লে সেন্টার ৪৯ রানে মর্ডান ক্রিকেট  
একাডেমীকে, নেপকো মাঠে জিবি প্লে সেন্টার ৫ উইকেটে এন

এস আর সি সি'কে, বি কে এন ভি মাঠের ম্যাচে কর্নেল কোচিং সেন্টার ১৭১ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং আস্বেদকর স্কুল মাঠে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ৭০ রানে মৌচাক কোচিং সেন্টারকে পরাজিত করেছে।

\*\*\*\*\*

## ২৩ মেয়েদের ক্রিকেট :

জামশেদপুরে অনুষ্ঠিত মেয়েদের অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে গ্রুপের প্রথম খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। কিনান স্টেডিয়ামে অনুষ্ঠিত গতকালের খেলায় চান্দিগড় ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা থাকবে। কোথাও কোথাও ঘন কুয়াশায় পড়তে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*